ইহলোকে মানবমাত্রের এই ভাগবতধর্ম্মটিই পরমধর্ম্মরূপে বর্ণিত আছেন। ধর্ম্মশাস্ত্রের প্রবর্ত্তক আমরা দ্বাদশজন এই ভাগবতধর্ম্ম জানি বটে, কিন্তু নিজকৃত স্মৃতি প্রভৃতি শাস্ত্রে প্রায়শই উপদেশ করি না। শ্লোকোক্ত "বিজানীম্" ক্রিয়ার এইরূপ অর্থই বুঝিতে হইবে। যেহেতু এই ভাগবতধর্ম্ম অতি গুহ্য অর্থাৎ অপ্রকাশ্য, দুর্ব্বোধ্য অন্য সকলে তথাকথিত রূপে গ্রহণ করিতে অসমর্থ। কেন গুহ্য, তাহারই হেতু বলিতেছেন—যে ভাগবতধর্ম্ম জানিয়া জন্ম-মৃত্যুধর্ম্ম সংসার-দুঃখ অতিক্রম করিতে পারা যায়।

অতএব, ধর্ম্মরাজ যমই ৬।৩।২৫ শ্লোকে বলিলেন—স্বয়ম্ভু, শম্ভু প্রমুখ দ্বাদশ মহাজন প্রায়শঃ এই ভাগবতধর্ম্ম জানেন না। যেহেতু তাঁহাদের মতি অঘটন ঘটন-পটীয়সী মায়ায় অত্যন্ত বিমোহিত বলিয়া আপাততঃ মধুর পুষ্পস্থানীয় অর্থবাদময় (প্রশংসাবাক্যময়) ত্রিগুণময়ী শ্রুতিতে বুদ্ধি অত্যন্ত অভিনিবিষ্ট, সেইজন্য অতিবিস্তার অগ্নিষ্টোমাদিকর্ম্মে শ্রদ্ধাযুক্ত অর্থাৎ অল্পশ্রমসাধ্য ভাগবতধর্ম্মে তাঁহাদের প্রবৃত্তি জন্মে না। যেমন মৃতসঞ্জীবনী ঔষধ না জানাতে বৈদ্যগণ ব্যাধিনিবৃত্তির জন্য ত্রিকুট নিম্ব প্রভৃতি সেবনের ব্যবস্থা করিয়া থাকেন, তেমনই সুধাময় ভাগবতধর্ম্মের অনুসন্ধান না জানাতেই সাধন ও সাধ্য এই উভয়কালেই দুঃখপ্রদ বহু-আয়াসসাধ্য অগ্নিষ্টোমাদি কর্ম্মেরই ব্যবস্থা করিয়া থাকেন। অথবা, যেমন কোন ব্যক্তির পরম স্বাধীন সিংহ থাকিলেও অতিতুচ্ছ অশ্ব, কুক্কুর, শৃগাল প্রভৃতি তাড়াইবার জন্য সিংহকে নিযুক্ত করে না, তেমনই অতি তুচ্ছ পাপ নিবৃত্তির জন্য পরমমঙ্গল হরিনাম উপদেশ করেন না। কিম্বা নাম-মাহাত্ম্য জ্ঞান হইলে সর্ব্বজীবের মুক্তিলাভ হইবে—এই ভয়েও মহাজনগণ পাপাদি-নাশের জন্য মায়াবন্ধন বিমোচনকারী শ্রীহরিনাম উপদেশ করেন না। শ্লোকোক্ত "মহাজন" পদে উল্লিখিত স্বয়ম্ভু প্রভৃতি দ্বাদশ মহাজন হইতে এবং সেই দ্বাদশ জন মহাজনকর্ত্তৃক অনুগৃহীত সম্প্রদায়াচার্য্য হইতে পৃথক্ মহাগুণযুক্ত মহাজনও এই ভাগবতধর্ম্ম জানেন না—এইরূপ অর্থ বুঝিতে হইবে। অতএব, "অহ্ন্যাপৃত" ইত্যাদি শ্লোকের ব্যাখ্যা সুন্দরই করা হইয়াছে। ৩।৭ ॥ ১১০ ॥

তদেবং শ্রীভগবদ্ভক্তেরেব সর্ব্বোর্দ্ধমভিধেয়ত্বং স্থিতম্। তথাচ গীতাসু—তপস্বিভ্যো-ঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ। কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্ যোগী ভবার্জ্জুন। যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মত ইতি। সর্ব্বশব্দোঽত্র দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্য্যু-পাসতে ইত্যাদিনা পূর্ব্বপূর্ব্বোক্তান্ সর্ব্বানপ্যুপায়িনো গৃহ্নাতীতি জ্ঞেয়ম্ তদেবমভক্ত-